


DEPARTMENT OF BENGALI
বনফুল



DEPARTMENT OF BENGALI
বনফুল


Congratulations to the
Deptt of Bengali for
bringing out 'Banful',
21/12/24


অ
আ




'যদি তোর ডাক শুনে কেউ না আসে,
তবে একলা চলো রে'
— রবীন্দ্রনাথ ঠাকুর


ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান
— রবীন্দ্রনাথ ঠাকুর
গোলাপ বলে, ওগো বাতাস,
প্রলাপ তোমার বুঝতে
কেবা পারে?
—রবীন্দ্রনাথ ঠাকুর


দেবলীনা দাস
১ম ষান্মাসিক
স্নাতক



রবীন্দ্রনাথ পিঠে পুলি খেতে খুব ভালবাসতেন। শান্তিনিকেতনের এক ভদ্রমহিলা পিঠে তৈরি করে গুরুদেবকে পাঠিয়ে দিলেন। কদিন পরে তিনি এসে কবিকে জিজ্ঞাসা করলেন — গুরুদেব সেদিন যে পিঠে দিয়েছিলুম তা কেমন খেলেন। কবি হেসে বললেন — শুনবে, সত্যি যখন শুনতে চাও বলি —

'লোহা কঠিন, পাথর কঠিন, আর কঠিন ইষ্টক,
তার অধিক কঠিন কন্যে, তোমার হাতের পিষ্টক'।

# সুখের সন্ধানে

সুখের সন্ধানে ঘুরছি আমি সুখতো পাই না দুঃখ,
সুখের যে বস্তু তার কাছেতো কেউ নয় দীক্ষা॥

সুখকে আমি খুঁজে বেড়াই যারা সম্পর্কের মাঝে
শুধু মায়ের কোলের সুখ যে আমি কোথাও পাইনা খুঁজে।

এক মুহূর্ত সুখে কাটে দু-মুহূর্ত দুঃখের।
সুখ কী একটু বলে দেবে ঠিকানাটি সুখের॥

অনেককেই প্রশ্ন করলাম সুখ কোথায় পাই?
সবাই বলে এ-জীবনে সুখের দেখা নাই॥

একদিন চাইলাম সুখ কিনতে সুখের কত দাম।
দুঃখ ছিল বিনামূল্যে তাই ব্যাগ ভরে নিয়ে এলাম॥

পায়েল দাস
উ ম মাধ্যমিক
স্নাতক


Bengali Folk Intruments
কুনাল সরকার
১ম ষান্মাসিক
স্নাতক

## প্রকৃতির রূপ

সবুজ গাছের পাতায় সুরভিত বাতাস
নদীর চলার ছন্দে জীবনের আভাস
রোদ্দুর জাগায় প্রাণের স্পন্দন
পাহাড়ে পাহাড়ে শ্যামলিমার নন্দন

নীল আকাশে সাদা মেঘের ভেলা
ঝরা পাতা বলে বয়ে যাবার বেলা
বাতাস লালন করে প্রতিটি জীবন
সকলকে নিয়ে আমাদের সুন্দর ভুবন।

দুলাল সরকার
১ম ষাণ্মাসিক।
স্নাতক।



## বারোমাসের বিবরণ

বৈশাখে হালখাতা নতুনের আহ্বান
জ্যৈষ্ঠের দাবদাহে ওষ্ঠাগত প্রাণ।
আষাঢ়ে রথযাত্রা, শ্রাবণে মনসা পূজা
ভাদ্রে শরতের যাত্রা আশ্বিনে দুর্গাপূজা
কার্তিকের দীপাবলী, আলোর উৎসব
অগ্রহায়ণে নবান্ন, শীতের আনন্দে
পৌষে পিঠেপুলি, শীতের বরণ
মাঘে মেলা গানে খুশি খুশি মন
ফাল্গুনে রঙের ছোঁয়া হোলির আনন্দ
চৈত্রে বর্ষ বিদায় আর বাসন্তীর আবেদন.


দেবলীনা দাস
১ম ষান্মাসিক,
স্নাতক.

## কল্পনায় সে স্বপ্ন

ঘোড়ার বেগে আমার সময় যাচ্ছে যে বয়ে.
তবুও কেন রয়েছি আমি স্তব্ধ যে হয়ে!
তুমি জানো-যে অনেক কার্য্য রয়েছে
তোমার বাকি।
শেষে কিন্তু দেওয়া যাবে না সময়কে ফাঁকি।
কোথায় সে ছোট্ট আমি গেলাম হারিয়ে
যখন তখন মায়ের কাছে কান্নায় পড়তো
লুটিয়ে
বদলেছে বয়স, বদলেছে সময় আর
পরিস্থিতি।
বসে থাকলে ভবে পাবেনা কিছুতে মুক্তি-
বৃথা কল্পনা কেন আজ, শুধু ভেবোনা
কী হবে কাল
আজকের পরিশ্রম প্রতিশ্রুতি হয়ে
ফুটবে কাল।।

জুলি রানি দাস
উচ্চমাধ্যমিক ২য় বর্ষ
(বিজ্ঞান শাখা)


উচ্চমাধ্যমিক ১ম বর্ষ


'যে জাতি মেধার মূল্য
দিতে জানে না,
সে জাতি কখনোই
উন্নতির শিখরে
পৌঁছাতে পারেনা।'
—কাজী নজরুল ইসলাম